গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

# টেলিযোগাযোগ অধিদপ্তরের ২২ তম মাসিক সমন্বয় সভার কার্য্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মহসিনুল আলম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ০৮/০২/২০২১ খ্রিঃ |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা |
| স্থান | অধিদপ্তরের কনফারেন্স রুম (৪০৩ নং কক্ষ) |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | জানুয়ারী/২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ। | কারও কোনো আপত্তি / সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | |
| ২ | মাসিক সমন্বয় সভার এজেন্ডা প্রেরণ | প্রতিমাসের সমন্বয় সভার এজেন্ডা চুড়ান্তকরণ ও উহা সভায় উপস্থাপনের সুবিধার্থে প্রতি মাসের প্রথম কর্ম দিবসে প্রশাসন অনুবিভাগে এজেন্ডা প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৩ | পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীর প্রেষণাদেশ বাতিলের নিমিত্তে সঠিক তথ্যসহ প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ। | কর্মকর্তা-কর্মচারীদের অধিদপ্তরের ডাটাবেইজের তথ্যের সহিত বিটিসিএলের তথ্যের যাচাই করতে হবে। অধিদপ্তরের তথ্য বিটিসিএল কেন্দ্রীয় কার্যালয়ে প্রেরণ করে ভুলভ্রান্তি সনাক্তকরণ ও হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও পরিচালক (আইসিটি) |
| ৪ | বিটিসিএলে প্রেষণে কর্মরত পিআরএলগামী কর্মকর্তা ও কর্মচারীদের অধিদপ্তরে যথাসময়ে যোগদান, পদস্থাপন ও পিআরএল মঞ্জুরী | মন্ত্রণালয়ে গৃহীত সিদ্ধান্তের আলোকে পিআরএল মঞ্জুরীর স্বার্থে প্রেষণাদেশ বাতিল ও অধিদপ্তরে ন্যস্তকরণ যথাসময়ে সম্পন্নকরণের জন্য পিআরএলে গমণের ০৪ (চার) মাস পূর্বে তালিকা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। পরবর্তীতে প্রেষণাদেশ বাতিলের পর মন্ত্রণালয়ের নির্দেশনার ভিত্তিতে বিটিসিএল থেকে সংশ্লিষ্টগণকে পিআরএলের ০২ (দুই) মাস অবমুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করবেন। বাস্তবায়নে অন্যথা হলে বিটিসিএল কেন্দ্রীয় কার্যালয়কে অবহিত করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৫ | অধিদপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্তে প্রয়োজনীয় জনবল ব্যবস্থাপনা | অধিদপ্তরের কাজের সহিত সঞ্জাতিপূর্ণ জনবলের ঘাটতি থাকায় বিটিসিএলে প্রেষণে কর্মরত ৩য় শ্রেনির কম্পিউটার অপারেটর, ষ্টেনোটাইপিষ্ট, ষ্টেনোগ্রাফার, এমএলএসএস/ সমমান পদের জনবল প্রেষণাদেশ বাতিল করে টেলিযোগাযোগ অধিদপ্তরে ন্যস্তকরণের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| ৬ | আউটসোর্সিংয়ের মাধ্যমে অধিদপ্তরে বিভিন্ন পদে জনবল নিয়োগ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগে অধিদপ্তরের চাহিদা অনুযায়ী আউটসোর্সিংয়ের মাধ্যমে জনবল নিয়োগ সংক্রান্ত প্রস্তাব অনুমোদনের জন্য পুনরায় পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৭ | অধিদপ্তরের গাড়ী টিওএন্ডইভুক্তকরণ এবং পরিবহণ ব্যবস্থাপনা | অধিদপ্তরের ১৪ (চৌদ্দ) টি গাড়ীর মধ্যে ১০ (দশ) টি গাড়ী টিওএন্ডইভুক্ত করা হয়েছে। সিটিডিআর প্রকল্পের হস্তান্তরিত ০৪ (চার) টি গাড়ী টিওএন্ডইভুক্ত করণের অধিদপ্তরের প্রেরিত প্রস্তাবের বিপরীতে মন্ত্রণালয়ের চাহিদাকৃত তথ্য দ্রুত প্রেরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৮ | ফেব্রুয়ারী, ২০২১ মাসের সেবা মনিটরিং প্রতিবেদন | পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীদের অধিদপ্তরে যোগদান ও পদস্থাপন, বেতন-ভাতা পরিশোধ, পিআরএল ও লাম্পগ্র্যান্ড মঞ্জুরী, জিপিএফ মঞ্জুরী, পেনশন ও আনুতোষিক মঞ্জুরী এবং কল্যাণ বিষয়ক কার্যক্রমের উপস্থাপিত মাসিক প্রতিবেদনে সন্তোষ প্রকাশ করা হয়। অধিদপ্তরের কার্যক্রমের বিষয়ে অভিযোগ বক্স খোলা হয়েছে এবং প্রাপ্ত অভিযোগসমূহ পর্যালোচনা ও নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। | পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা) |
| ৯ | সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ শীর্ষক প্রকল্পের মাসিক অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন | প্রকল্পের বড় দুটি প্যাকেজের ক্রয় প্রক্রিয়ার বিষয়ে PIC ও PSC কমিটিসহ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর নির্দেশণা পাওয়া গেছে। প্রধানত আইটি সরঞ্জামাদি DPM পদ্ধতিতে TSS হতে ক্রয়ের প্রক্রিয়া চলছে এবং অন্যান্য সকল আনুষঙ্গিক যন্ত্রপাতি OTM এর মাধ্যমে ক্রয়ের নিমিত্তে ইতোমধ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। ৬৫০ টি স্কুলের তালিকা চূড়ান্ত করে মন্ত্রণালয়ের মাধ্যমে বিটিআরসি তে পাঠানো হয়েছে। | প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ১০ | বিবিধ | ১) কোভিড-১৯ এর বিনামূল্যে টিকা গ্রহণের জন্য আগ্রহী কর্মকর্তা-কর্মচারীদের রেজিস্ট্রেশন সম্পন্নকরণ ও টিকা গ্রহণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২) প্রতিমাসে শাখা পরিদর্শন প্রতিবেদন সভায় উপস্থাপনের নিমিত্তে প্রশাসন শাখায় মাসের প্রথম কর্ম দিবসে প্রশাসন অনুবিভাগে জমাদান করতে হবে।<br>৩) কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিতকরণে বায়োমেট্রিক এটেনডেন্স সিস্টেম চালুর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪) সেবা সহজীকরণের জন্য ফ্রন্ট ডেস্কে কর্মকর্তা পদস্থাপন ও ডাক গ্রহণ ডিজিটালকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫) কর্মকর্তাগণের বিটিসিএলের গ্রীণ নম্বর বরাদ্দকরণ ও ১০ টি ল্যাপটপ ক্রয়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৬) টেলিটকের বাল্ক এসএমএস সার্ভিস গ্রহণের বিষয়ে পরিচালক (আইসিটি) বিশদ প্রস্তাব আগামী সভায় উপস্থাপন করবেন।<br>৭) বিদ্যমান লোকবল ব্যবস্থাপনা অথবা বিটিসিএল থেকে প্রেষণাদেশ বাতিল করে নিয়োগ অধিশাখায় ০১ (এক) জন এমএলএসএস এবং ০১ (এক) জন অফিস সহকারী নিয়োগের ব্যবস্থা গ্রহন করতে হবে। | পরিচালক (প্রশাসন)<br>ও<br>পরিচালক (আইসিটি) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ মহসিনুল আলম
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.৬৭

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৭
২৫ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ/ কারিগরি/ রেগুলেটরি), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৩) পরিচালক (সকল)/ পরিচালক (ইঞ্জিঃ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪) উপপরিচালক (সকল)/ বিভাগীয় প্রকৌশলী/ চিফ সুপার (টেলিগ্রাফ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৫) সিনিয়র সহকারী পরিচালক/ উপবিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৬) সহকারী পরিচালক (সকল)/ সহকারী প্রকৌশলী/ হিসাব রক্ষণ কর্মকর্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৭) অফিস কপি।



মোঃ মফিজ উদ্দিন
পরিচালক